21 AUG 2010

সংবাদ

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে টিউশন ফি বৃদ্ধির পরিপত্র বাতিল দাবিতে মানববন্ধন

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি স্কুল-কলেজে টিউশন ফি ত্রিশ শতাংশ বৃদ্ধির পরিপত্র বাতিল করে সরকারিভাবে ফি নির্ধারণসহ বেশ কিছু দাবিতে মানববন্ধন করেছে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীর অভিভাবকদের সংগঠন 'অভিভাবক ঐক্য ফোরাম'। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি মো. জিয়াউল কবির দুলুর সভাপতিত্বে মানববন্ধনে সাবেক ভারপ্রাপ্ত শিক্ষা সচিব সিরাজউদ্দিন আহমেদ, শিক্ষা বার্তা সম্পাদক অধ্যাপিকা এ.এন রাশেদাসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি স্বেচ্ছাচারিতার আশ্রয় নিয়ে বিভিন্ন খাত তৈরি করে লুটপাটের মাধ্যমে তহবিলে ঘাটতি সৃষ্টি করে টিউশন ফি বৃদ্ধি করছে। তাই সরকার কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আয়-ব্যয়ের হিসাব নিকাশ নিরীক্ষা করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি নির্ধারণ করতে হবে। এছাড়াও ৫ বছর পরপর ২০ শতাংশ হারে বৃদ্ধি করতে হবে।

মানববন্ধন থেকে উত্থাপিত অন্য দাবিগুলো হলো– পিইসি পরীক্ষা এ বছরই বাতিল করা; শ্রেণীকক্ষে মানসম্মত পাঠ দান নিশ্চিত করা; কোচিং বাণিজ্য নিষিদ্ধকরণ, সব স্কুল-কলেজে গভর্নিং বডি নির্বাচনের আয়োজন করা; শিক্ষা ক্ষেত্রে দুর্নীতিবাজদের গ্রেফতার এবং সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি ও প্রতিরোধ গড়ে তোলা প্রভৃতি।